17

তারিখ 21 APR 1995
পৃষ্ঠা ৪/২ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

# এইচএসসি পরীক্ষার্থীদের আজ সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ কম্পিউটার পদ্ধতি বাতিল ও এইচ,এস,সি পরীক্ষা আগষ্টমাসে পিছানোর দাবীতে এইচ,এস,সি পরীক্ষার্থী সংগ্রাম পরিষদ ও বাংলাদেশ কলেজ ষ্টুডেন্টস অর্গানাইজেশন আজ বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মুখে অবস্থান ধর্মঘট ও শিক্ষা মন্ত্রীর নিকট স্মারকলিপি পেশের কর্মসূচী গ্রহণ করিয়াছে। গতকাল ( বুধবার ) ঢাকা কলেজ চত্বরে নগরীর বিভিন্ন কলেজের পরীক্ষার্থীদের এক সমাবেশে এই কর্মসূচী ঘোষণা করা হয়। এই উপলক্ষে আজ সকাল ১১টায় প্রেসক্লাবের সম্মুখে এক সমাবেশ অনুষ্ঠিত হইবে।

অভিযোগে প্রকাশ, গত বছরের এইচএসসি পরীক্ষার অভিজ্ঞতায় এবারের ছাত্র-ছাত্রীরা উদ্বিগ্ন। গতবার ভাড়া করা কম্পিউটারে ফলাফল প্রকাশ করা হয়। ইহাতে অনেক ওলট-পালট হইয়াছে মেধাবী পরীক্ষার্থীরা অকৃতকার্য এবং সাধারণ পরীক্ষার্থীরা ষ্টারমার্ক পাইয়াছে। অনেক খাতা খোয়া গিয়াছে বলিয়াও অভিযোগ রহিয়াছে। খাতা পুনঃ পরীক্ষার আবেদন জানাইয়া গত জানুয়ারীতে যাহারা দরখাস্ত দিয়াছিল, চার মাসেও বোর্ড তাহাদের জবাব দিতে পারে নাই।